কর্ম্মাণি" অর্থাৎ মদ্বিষয় সর্ব্বকর্ম্ম অনুষ্ঠান কর—এইরূপ অর্থ-সঙ্গতি করিয়া লইতে হইবে।

"যদ্যনীশো ধারয়িতুং" এই শ্লোকে "নিরপেক্ষঃ সমাচর" এই দুইটি পদের "সমাচর" ক্রিয়াপদের অর্থ অর্পণ করা, নিরপেক্ষ পদের অর্থ কামনান্তর-রহিত হওয়া অর্থাৎ আমারই সন্তোষার্থে নিখিল কর্ম্ম আমাতে সমর্পণ কর। হে উদ্ধব! এই প্রকার অনুষ্ঠান করিতে করিতে ঐহিক পারলৌকিক সুখ-ভোগে বিতৃষ্ণ হওয়ার পর সুদৃঢ় বিশ্বাসযুক্ত হৃদয়ে জগৎ-পবিত্রকারিণী সর্ব্বপ্রকার মঙ্গলদায়িনী আমার কথাসকল শ্রবণ করিতে করিতে গান করিতে করিতে নিরন্তর স্মরণ করিতে করিতে এবং আমার জন্ম ও কর্ম্মসকল বারম্বার অভিনয় করিতে করিতে ও আমার সুখের জন্য ধর্ম্ম, বিষয়-ভোগ ও অর্থ উপার্জ্জন করতঃ একমাত্র আমাকেই দৃঢ়রূপে অবলম্বন করিলে, নিত্য আনন্দস্বরূপ আমাতে নিশ্চলা ভক্তি লাভ করিতে পারে। ইতি শ্লোকার্থ ॥১১।১১ অধ্যায়ে শ্রীকৃষ্ণ শ্রীউদ্ধবকে বলিয়াছেন॥ ৭২ ॥

টীকা চ—কর্ম্মভির্বিশুদ্ধসত্ত্বস্যান্তরঙ্গাং ভক্তিমাহ, শ্রদ্ধালুরিতীত্যেষা। অভিনয়ন্ জন্মকর্ম্মলীলয়োর্মধ্যে যেহংশা "নিজাভীষ্টভাবভক্তগতাস্তান্ স্বয়মনুকুর্ব্বন্ ভগবদ্গতান্ ভক্তান্তরগতাংশ্চ তানন্যদ্বারানুকুর্ব্বন্নিত্যর্থঃ। কিঞ্চ যো ধর্ম্মো গোদানাদিলক্ষণস্তমপি মদর্থে মদীয়জন্মাদিমহোৎসবাঙ্গত্বেনৈব যশ্চ কামো মহাপ্রাসাদবাসাদিলক্ষণস্তমপি মদর্থে মদীয়সেবাদ্যর্থে মন্মন্দিরবাসাদি লক্ষণত্বেনৈব যশ্চার্থো ধনসংগ্রহস্তমপি মদর্থে মৎসেবামাত্রোপযোগিত্বেনৈবাচরন্ সেবমানঃ মদপাশ্রয় আশ্রয়ান্তরশূন্যচেতাশ্চ সন্ তামেব কথাশ্রবণাদিলক্ষণাং ভক্তিং ময়ি নিশ্চলাং সর্ব্বদাব্যভিচারিণীং লভতে তৎসুখেন কৈবল্যাদাবপ্যনাদরাৎ। ন চ ভজনীয়স্য চলতয়া বাসা চলিষ্যন্তীতি মন্তব্যমিত্যাহ সনাতন ইতি। নন্বেবম্ভূতভক্তিমার্গে প্রবৃত্তির্নিষ্ঠা বা কথং স্যাদিত্যাশঙ্ক্য তত্র হেতুমাহ—সৎসঙ্গলব্ধয়া ভক্ত্যা ময়ি মাং স উপাসিতেতি॥ ৭৩ ॥

বিবিধ নিষ্কাম-কর্ম্মানুষ্ঠানে বিশুদ্ধচিত্ত সাধকের সম্বন্ধে "শ্রদ্ধালুঃ" ইত্যাদি শ্লোকে অন্তরঙ্গা ভক্তিরই ব্যাখ্যা করিতেছেন। এই পর্য্যন্ত শ্রীস্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা। শ্লোকস্থ "অভিনয়ন্" এই পদটির ব্যাখ্যা করিতেছেন—শ্রীভগবানের জন্ম, কর্ম্ম ও লীলার মধ্যে যে অংশ নিজ অভীষ্ট-ভাববিশিষ্ট ভক্তগত, সেই অংশটী আপনি স্বয়ং অভিনয় করিবে, আর যে অংশটী ভগবদ্গত সেই অংশটী অন্যের দ্বারা অভিনয় করাইবে—লীলা অভিনয় পদের এইরূপ অর্থই বুঝিতে হইবে। আরও বলিতেছেন—গোদানাদি লক্ষণ-ধর্ম্মও আমারই জন্মাদিমহোৎসবের অঙ্গরূপেই অনুষ্ঠান করিবে। শ্লোকস্থ কামশব্দে মহা অট্টালিকায় বাসাদি-লক্ষণ বিষয়ভোগটিও আমারই